## মডেল প্রশ্ন—১

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট — বিষয় : বাংলা — পূর্ণমান- ১০০

**▣ নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

মা, মাতৃভূমি সকলের কাছেই প্রিয়। দেশ হলো জননীর মতো। দেশটাকে তাই যতটা পারা যায় কাছ থেকে দেখতে হবে। দেশ মানে এর মানুষ, জনপদ, নদী, আকাশ, প্রান্তর, পাহাড়, সমুদ্র প্রভৃতি। মা যেমন স্নেহ-মমতা-ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন, দেশও তেমনি তার আলো, বাতাস, সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। মাকে আমরা যেমন ভালোবাসি, দেশকেও তেমনি ভালোবাসতে হবে। আর দেশকে ভালোবাসার মধ্য দিয়েই আমাদের জীবন সার্থক হয়ে উঠবে। কারণ দেশকে যে ভালোবাসেনা সে ঘৃণ্য ও জঘন্য।

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ১০ = ১০

**i. উপরের অনুচ্ছেদটি মূলত যে বিষয় নিয়ে লেখা তাহলো–**
ⓚ দেশপ্রেম ⓚ সম্প্রীতি ⓖ মাতৃপ্রীতি ⓖ জনপদ

**ii. জনপদ হলো–**
ⓚ লোকের ঘুমানোর স্থান
ⓚ লোকের খাবারের স্থান
ⓖ লোকের বসতির স্থান
ⓖ লোকের উৎসবের স্থান

**iii. স্নেহ শব্দটির 'স্ন' যুক্তবর্ণটিতে আছে–**
ⓚ স + ণ ⓚ স + ন ⓖ ণ + স ⓖ ন + স

**iv. দেশকে ভালোবাসতে হবে কারণ–**
ⓚ দেশ আমাদের অক্সিজেন দিয়ে বাঁচিয়ে রাখে
ⓚ দেশ আমাদের আলো বাতাস দিয়ে বাঁচিয়ে রাখে
ⓖ দেশ আমাদের নিরাপত্তা দেয়
ⓖ দেশ আমাদের অন্ন দেয়

**v. 'দেশ হলো আসলে জননীর মতো' –এখানে কী তুলে ধরা হয়েছে?**
ⓚ মাতৃভাষার গুরুত্ব ⓚ মায়ের গুরুত্ব
ⓖ জন্মভূমির গুরুত্ব ⓖ ভাষার গুরুত্ব

**vi. মায়ের সঙ্গে তুলনীয় কোনটি?**
ⓚ দেশ ⓚ নদী ⓖ বৃক্ষ ⓖ প্রকৃতি

**vii. আমাদের জীবন সার্থক হবে কীভাবে?**
ⓚ যুদ্ধ করে ⓚ ফসল ফলিয়ে
ⓖ দেশকে ভালোবেসে ⓖ বড়দের সম্মান করে

**viii. দেশ মানে হলো–**
ⓚ নির্দিষ্ট ভূখণ্ড ⓚ মানুষ, জনপদ, নদী প্রভৃতি
ⓖ লোকালয় ⓖ স্থায়ী আবাস

**ix. দেশ হলো যার মতো–**
ⓚ জননী ⓚ নদী ⓖ বৃক্ষ ⓖ মাটি

**x. দেশকে ভালোবাসা–**
ⓚ কর্তব্য ⓚ নৈতিক দায়িত্ব
ⓖ স্বদেশ চেতনা ⓖ দেশপ্রেম

**২. নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানের উপযুক্ত শব্দটি উত্তর পত্রে লেখ :** ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| জনপদ | মানুষের বসবাসের স্থান |
| জননী | মা |
| আগলে রাখা | ধরে রাখা |
| সার্থক | সফল |
| প্রান্তর | মাঠ, জনবসতি নেই এমন জায়গা |
| মাতৃভূমি | জন্মভূমি, স্বদেশ |

ক) পুন্ড্র — এর রাজধানী পুন্ড্রবর্ধন।
খ) জাহানারা ইমাম আমাদের শহিদ —।
গ) মা আমাদের মমতা দিয়ে — রাখেন।
ঘ) দেশকে ভালোবাসার মধ্য দিয়েই — হয়ে উঠবে আমাদের জীবন।
ঙ) কৃষকেরা রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে — ফসল ফলায়।

**৩. নিচের যুক্তবর্ণগুলো কোন কোন বর্ণ দিয়ে তৈরি তা লেখ এবং প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ লেখ :**
ন্ত, ম্ব, ম্প, ন্ধ, দ্র ১ × ৫ = ৫

**৪. নিচের কোনটি কোন পদ লেখ :** ১ × ৫ = ৫
মানুষ, মমতা, হওয়া, সে, ও

**৫. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :** ৫ × ৪ = ২০
ক) দেশকে কেন ভালোবাসতে হবে?
খ) দেশ হলো আসলে জননীর মতো'– বলতে কী বোঝানো হয়েছে?
গ) আমাদের জীবন সার্থক হবে কীভাবে? ৫টি বাক্যে লেখ।
ঘ) যাদের মধ্যে দেশাত্মবোধ নেই, তাদেরকে আমরা ঘৃণা করব কেন? ৪টি কারণ লেখ।

**৬. প্রবাসজীবনে স্বদেশপ্রেমের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।** ৫

**▣ নিচের অনুচ্ছেদ পড়ে ৭, ৮, ৯ ও ১০নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাও :**

দোয়েল কোয়েল ময়না কোকিল
সবার আছে গান/ পাখির গানে পাখির সুরে
মুগ্ধ সবার প্রাণ।/ফুল পাখি নই, নইকো পাহাড়
ঝরনা সাগর নই/ মায়ের মুখের মুখর ভাষায়
মনের কথা কই।/বাংলা আমার মায়ের ভাষা
শহিদ ছেলের দান/আমার ভাইয়ের রক্তে লেখা
ফেব্রুয়ারির গান।

**৭. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**i. সবার প্রাণ মুগ্ধ হয় কিসে?**
ⓚ বাঁশির সুরে ⓚ মোরগের ডাকে
ⓖ পাখির গানে ⓖ সূর্যের আলোয়

**ii. আমার মায়ের ভাষা কী?**
ⓚ বাংলা ⓚ উর্দু ⓖ ফারসি ⓖ হিন্দি

**iii. বাংলা ভাষা কার দান?**
ⓚ শহিদ মাতার ⓚ শহিদ পিতার
ⓖ শহিদ মেয়ের ⓖ শহিদ ছেলের

**iv. 'মধুর ভাষা' বলতে বোঝানো হয়েছে–**
ⓚ মিষ্টি ভাষা ⓚ প্রাণের ভাষা
ⓖ আপন ভাষা ⓖ নিজের ভাষা

**v. ভাষা আন্দোলনের সাথে যে তারিখটি জড়িত?**
ⓚ ৭ই মার্চ ⓚ ২১শে ফেব্রুয়ারি
ⓖ ২৬শে মার্চ ⓖ ১৬ই ডিসেম্বর

**৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :** ১ + ২ + ২ = ৫
ক) কার গানে সবার প্রাণ মুগ্ধ হয়?
খ) কবি মায়ের ভাষাকে মধুর ভাষা বলেছেন কেন?
গ) কীভাবে বাংলার ছেলেরা শহিদ হন?

**৯. প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ :** ১ × ৫ = ৫
মুগ্ধ, সাগর, মধুর, শহিদ, দান।

**১০. প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ :** ৫

**১১. নিচের বাক্যগুলো (প্রদত্ত ভুল শব্দটি) শুদ্ধ করে লেখ :** ১ × ৫ = ৫
ক) নিম্নচাপ সৃষ্টি হলে আবহাওয়া পর্যবেক্ষন করতে হয়।
খ) কবিরের সাহিত্যিক চিন্তা-চেতনা পান্ডিত্বপূর্ন।
গ) কাজটি করা খুবই দুরুহ হবে।
ঘ) উদ্ভীদ ও প্রাণীর জীবনের মধ্যে অনেক মিল।
ঙ) জগদীশচন্দ্র বসু একজন বিজ্ঞানি।

**অথবা, প্রদত্ত অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসাও :**
ঐ সীমান্তের ওপারেই ভারতের ত্রিপুরা রাজ্য ত্রিপুরার অনেকেই বাঙালি তারাও বাংলাভাষায় কথা বলে তুমি যদি বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে যাও দেখতে পাবে সেসব জায়গায় নানা ধরনের মানুষের বসবাস। তারা নিজ নিজ ভাষায় কথা বলে

**১২. এককথায় প্রকাশ কর :** ১ × ৫ = ৫
অনেক দিন আগেকার এমন, পুরানো তত্ত্ব বহন করে এমন কিছু, ইতিহাস লেখেন বা জানেন যিনি, পুরকৌশল জানেন যিনি, মুদ্রা রাখা হয় যে ভাড়ারে

**অথবা, নিচে দাগ দেওয়া শব্দগুলোর বিপরীত শব্দ লিখে বাক্যগুলো পুনরায় লেখ :**
ক) গানের প্রতি নুপার প্রবল অনুরাগ।
খ) ভেজাল মধু স্বাস্থ্যের জন্য ভালো।
গ) অনামিকার কণ্ঠস্বর কোমল।
ঘ) তিনি একটা হালকা মেশিন গান থেকে গুলি ছুড়ছিলেন।
ঙ) মুন্সী আব্দুর রউফ ছোটবেলায় দারুন দুরন্ত ছিলেন।

**১৩. ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ :** ২
কাল যেখানে পরাজয়ের/আজ সেখানে আলো।
কাল যেখানে আঁধার ছিল/কালো সন্ধ্যা হয়,
আজ সেখানে ভালো।/কাল যেখানে মন্দ ছিল,
খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ? ১
গ) কবিতাটির কবির নাম কী? ১
ঘ) "কাল যেখানে আঁধার ছিল আজ সেখানে আলো।" কথাটির অর্থ কী? ১

**১৪. শিক্ষাবৃত্তি পাওয়ার জন্যে নিচের ফরমটি পূরণ কর।** ৫

**১৫. ২০০ শব্দের মধ্যে নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখ।** ১০

**ক. একটি ঐতিহাসিক স্থান** *[সংকেত : ভূমিকা, মহাস্থানগড়ের অবস্থান, মহাস্থানগড়ের ইতিহাস, মহাস্থানগড়ের বর্তমানরূপ, উপসংহার।]*

**খ. হিমালয়ে বাংলাদেশ** *[সংকেত : ভূমিকা, অবস্থান, উচ্চতা, শেরপা, হিমালয়ের চূড়ায় প্রথম, মুসা ইব্রাহিম, এম এ মুহিত, নিশাত মজুমদার, ওয়াসফিয়া নাজরীন, আমাদের প্রেরণা, উপসংহার।]*

**গ. স্মরণীয় যাঁরা চিরদিন** *[সংকেত : ভূমিকা, প্রেক্ষাপট, আমরা যাঁদের ভুলব না, অধ্যাপক মুনিরুজ্জামান, অধ্যাপক জ্যোতির্ময় গুহঠাকুরতা, অধ্যাপক গোবিন্দচন্দ্র দেব, শহীদ সাবের, ধীরেন্দ্রনাথ দত্ত, লে. কমান্ডার মোয়াজ্জেম হোসেন, যোগেশচন্দ্র ঘোষ, রণদাপ্রসাদ সাহা, আলতাফ মাহমুদ, উপসংহার।]*

**ঘ. শীতের সকাল** *[সংকেত : ভূমিকা, শীতের সকালের আগমন, বৈশিষ্ট্য, গ্রামের দৃশ্য, শহরের দৃশ্য, উপভোগ্যতা, উপসংহার।]*